

India-Kazakhstan Foreign Office Consultations

November 17, 2020

ভারত-কাজাখাস্তান পররাষ্ট্র দপ্তর পরামর্শ

নভেম্বর 17, 2020

ভারত ও কাজাখাস্তানের মধ্যে 17ই নভেম্বর 2020 তারিখে ডিজিটাল ভিডিও-কনফারেন্সের মাধ্যমে পররাষ্ট্র দপ্তর পরামর্শের (এফওসি) 7ম দফা অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় দলের নেতৃত্বে ছিলেন শ্রী বিকাশ স্বরূপ, সেক্রেটারি (পশ্চিম) এবং কাজাখাস্তান পক্ষের নেতৃত্বে ছিলেন কাজাখাস্তান প্রজাতন্ত্রের পররাষ্ট্র বিষয়ক প্রথম উপমন্ত্রী মহামান্য শ্রী শাখরত নূরশেভ।

পরামর্শকালে, উভয় পক্ষই তাদের কৌশলগত অংশীদারিত্বের কাঠামোর মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতার সামগ্রিক স্বরূপ পর্যালোচনা করে। এই পরামর্শে রাজনৈতিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক, শক্তি, প্রতিরক্ষা, মহাকাশ, কনসুলার এবং সাংস্কৃতিক বিষয়গুলিও অন্তর্ভুক্ত ছিল। উভয় পক্ষই কোভিড-19 মহামারী মোকাবিলার বিষয়ে চিন্তাভাবনা এবং অভিজ্ঞতাও ভাগ করে নিয়েছে।

উভয় পক্ষ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক এবং আন্তর্জাতিক সমস্যাগুলির বিষয়ে মতবিনিময় করে এবং 2021-22-এর মধ্যে রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে ভারতের আসন্ন মেয়াদকালে বহুপাক্ষিক খাতে সহযোগিতা বাড়াতে সম্মত হয়েছে।

ভারত-মধ্য এশিয়া কথাবার্তা চলাকালীন সম্প্রতি পররাষ্ট্র মন্ত্রীর দ্বারা ঘোষণা অনুসারে, এফওসি-র পাশাপাশি উভয় পক্ষের মধ্যে “কাজাখাস্তানে উচ্চ প্রভাব বিশিষ্ট সম্প্রদায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য একটি সমঝোতা চুক্তি” স্বাক্ষরিত হয়েছে।

আলোচনাটি বন্ধুত্বপূর্ণ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। পারস্পরিক ভিত্তিতে সুবিধাজনক তারিখে শারীরিক বিন্যাসে পরবর্তী পরামর্শটি অনুষ্ঠিত হওয়ার বিষয়ে উভয় পক্ষই সম্মত হয়েছে।

নিউ দিল্লী

নভেম্বর 17, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.